**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-06-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## PM-Slovak, France:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্লোভাকিয়ার রাজধানী ব্রাতিস্লাভায় সে দেশের প্রধানমন্ত্রী রবার্ট ফিকোর সঙ্গে বৈঠক করবেন। শ্রী মোদী স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনির সঙ্গেও সাক্ষাৎ করবেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, এই সফর ভারত-স্লোভাকিয়া সম্পর্ককে আরও গভীর করার পাশাপাশি সহযোগিতার নতুন পথ অন্বেষণের সুযোগ করে দেবে। উল্লেখ্য, ১৯৯৩ সালে সে দেশের স্বাধীনতার পর এই প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রী স্লোভাকিয়া সফর করছেন। এদিকে, ফ্রান্স সফরের শেষ পর্যায়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ গতকাল নিস শহরে যৌথভাবে ‘ভারত ইনোভেটস’ অনুষ্ঠানের উদ্বোধন করেছেন। ‘ভারত-ফ্রান্স উদ্ভাবন বর্ষ’-এর অধীনে আয়োজিত এই গুরুত্বপূর্ণ আয়োজনে ভারত, ফ্রান্স এবং অন্যান্য দেশের শীর্ষস্থানীয় উদ্ভাবনী স্টার্টআপ ও ভেঞ্চার ক্যাপিটাল ফান্ডগুলো একত্রিত হয়েছে।

********************

## MBB-Airport:

কেন্দ্রে এনডিএ সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষে আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দর কর্তৃপক্ষ আজ 'যাত্রী সুবিধা দিবস' পালন করবে। এমবিবি বিমানবন্দরের অধিকর্তা কিষাণ মোহন নেহরা জানিয়েছেন এই উপলক্ষে আজ টার্মিনালে আগত বিমানযাত্রীদের কপালে তিলক পরিয়ে চিরাচরিত প্রথায়

অভ্যর্থনা জানানো হবে এবং প্রবীণ যাত্রীদের উত্তরীয় পরিয়ে বিশেষভাবে সম্মানিত করা হবে। তাছাড়া, সারা দিনব্যাপী এই উদযাপনে স্থানীয় লোকনৃত্য ও সঙ্গীতের প্রাণবন্ত পরিবেশনার পাশাপাশি বিমানবন্দর প্রাঙ্গনে স্বেচ্ছায় রক্তদান শিবিরেরও আয়োজন করা হবে।

*******************

## Jana Kalyan- C.M:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষ্যে গতকাল থেকে রাজ্যস্তরে তিনদিন ব্যাপী জন কল্যান শিবির শুরু হয়েছে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও কেন্দ্রীয় জাহাজ চলাচল মন্ত্রী সর্বানন্দ সনোয়াল| মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যানমুখী প্রকল্প ও সরকারী সুযোগ সুবিধা প্রতিটি নাগরিকের কাছে পৌছে দেবার লক্ষ্যে এই শিবিরের আয়োজন করা হয়েছে।  আজ থেকে ১৭ ই জুন পর্যন্ত জেলা ও ব্লকস্তরেও এই ধরনের শিবিরের আয়োজিত হবে বললে মুখ্যমন্ত্রী জানান| অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর, নৌপরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সুদক্ষ নেতৃত্বে ভারত গোটা বিশ্বে শক্তিশালী ও আত্মমর্যাদা সম্পন্ন রাষ্ট্র হিসাবে পরিনত হয়েছে।  সবকা  সাথ সবকা বিশ্বাস, সবকা প্রয়াস এই মন্ত্রে এক নতুন ভাবনা তৈরী হয়েছে। উত্তর-পূর্বাঞ্চলের প্রতি প্রধানমন্ত্রীর নিরবচ্ছিন্ন নজরদারীর ফলে এই অঞ্চলের সন্ত্রাসবাদীরা অস্ত্র ত্যাগ করে শান্তির পথে ফিরে এসেছে। অনুষ্ঠানে  বিধায়ক অভিষেক দেবরায়ও উপস্থিত ছিলেন।

**************************

## Sarbananda Sonowal:

কেন্দ্রীয় বন্দর, নৌপরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে সারাদেশে কয়েক কোটি বৃক্ষরোপন করা হচ্ছে। লক্ষ্য একটাই পরিবেশের ভারসাম্য বজায় রাখা। আগরতলার নতুননগর বালিকা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করে তিনি একথা বলেন। তিনি বলেন, দূষণমুক্ত ভারত নির্মাণ করতে হলে প্রধানমন্ত্রীর এক পেড় মা কে নাম কর্মসূচির বাস্তবায়ন অত্যন্ত জরুরী।

****************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনগণের সমস্যা সমাধানই সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার এবং দ্রুত সমাধানই প্রশাসনের লক্ষ্য। তেলিয়ামুড়ার মহারানীপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় গতকাল অনুষ্ঠিত "জনতার দরবার" কর্মসূচির উদবোধন করে তিনি একথা বলেন ।তিনি গ্রামীণ মহিলাদের অর্থনৈতিক স্বনির্ভরতার লক্ষ্যে তুঁত চাষ ও রেশম শিল্পের উপর গুরুত্বারোপ করেন| তিনি বলেন, চম্পকনগরে শীঘ্রই একটি রেশম শিল্প প্রশিক্ষণ কেন্দ্র চালু হবে।

*********************

**MEMU Train:**

আগরতলা - সাব্রুম রেললাইনে গতকাল পরীক্ষামূলকভাবে চালানো হলো বিদ্যুতচালিত মেমু ট্রেন। উত্তর - পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানান, ১২ কোচ বিশিষ্ট এই অত্যাধুনিক মেমু ট্রেনটি উত্তর - পূব সীমান্ত রেলের আগরতলা - সাব্রুম লাইনেই প্রথম

চালানো হচ্ছে। যাত্রী সাধারণ অল্প সময়ের মধ্যেই গন্তব্যে পৌঁছে যেতে পারবেন বলেও জানান তিনি।

******************************

**CM- Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উন্নতির হওয়ায় রোগীদের বহি:রাজ্যে রেফার ৮০ শতাংশ কমেছে। বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে স্বাস্থ্য দপ্তর আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন| মুখ্যমন্ত্রী বলেন, আগামী দিনে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে আরও শক্তিশালী করার লক্ষ্যে কাজ করছে সরকার। রাজ্যে বর্তমানে সাড়ে পাঁচশ এম বি বি এস আসন এবং প্রায় ২00 পিজি কোর্সের আসন হওয়ায় রাজ্যের ছেলেমেয়েদের ডাক্তারি পড়ার সুযোগ বেড়েছে। তিনি বলেন, আগরতলার পাশাপাশি জেলা-মহকুমা হাসপাতালগুলিতে স্বাস্থ্য পরিষেবার মানন্নোয়নে সরকার গুরুত্ব দিচ্ছে।

*******************

**FIFA world cup.**

ফিফা আয়োজিত ২0২৬ ফুটবল বিশ্বকাপের গ্রুপ পর্বে গত তিনটি ম্যাচে জার্মানি ৭-১ গোলে কুরাসাওকে পরাজিত করেছে। অন্যদিকে, নেদারল্যান্ডস ও জাপানের মধ্যেকার ম্যাচ ২-২ গোলে ড্র হয়েছে এবং আইভরি কোস্ট ১-0 গোলে ইকুয়েডরকে হারিয়েছে। আজ ভারতীয় সময় সকাল ৭টা ৩0 মিনিটে সুইডেন এবং তিউনিসিয়ার মধ্যে ম্যাচ শুরু হয়েছে।

********************

**মহিলা ক্রিকেট** :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে গতকাল ৩টি খেলা অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় মৌচাক ক্লাব ৬ উইকেটে কর্নেল কোচিং সেন্টারকে, এম বি বি স্টেডিয়ামে তরুণ সংঘ কোচিং সেন্টার ২২০ রানে নিউ কোচিং সেন্টারকে এবং নরসিংগড়ের পি টি এ মাঠে ব্লাডমাউথ ক্লাব ৬ উইকেটে মডার্ন ক্রিকেট একাডেমিকে পরাজিত করে। ফলে মৌচাক ক্লাব, তরুণ সংঘ কোচিং সেন্টার ও ব্লাডমাউথ ক্লাব সেমিফাইনালে উঠেছে। তালতলা মাঠে এগিয়ে চলো সংঘ ও কসমোপলিটন ক্লাবের খেলাটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়। এই খেলাটি আজ ফের অনুষ্ঠিত হবে।

******************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় গোমতী, ধলাই, উত্তর ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় পরিমাপযোগ্য বৃষ্টিপাত ছিল ২.২ মিলিমিটার।

*******************

****************